

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

স্মারক নং-২২.০২.০০০০.০১১.৫০.০০৩.১৭-১৭

তারিখ : ২৪/১২/১৪২৪ বঙ্গাব্দঃ  
২৪/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবেশ অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর  
স্থান : চামেলী সভাকক্ষ  
তারিখ : ১১ মার্চ ২০১৮  
সময় : দুপুর ১.০০ ঘটিকা  
উপস্থিতি : সংলাগ-১

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি সদর দপ্তরসহ পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণকে নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির জন্য ধন্যবাদ জানান। পরবর্তীতে সভাপতি বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের ২০১৭-২০১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	পরিবেশ অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	ক. নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে দায়িত্ব প্রাপ্ত শাখাসমূহ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন: ৩.৩ ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ সংশোধন-বায়ুমান অধিশাখা ৩.৪ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ সংশোধন-আইন অধিশাখা ৩.৫ কঠিন বর্জ্য বিধিমালা ২০১৮- বায়ুমান অধিশাখা ৩.৬ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক (ই- বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা ২০১৭ -জলবায়ু পরিবর্তন অধিশাখা খ. আগামী এপ্রিল ২০১৮ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ক. পরিচালক (আইন/বায়ুমান/জলঃপরিঃ) খ. পরিচালক (প্রশাসন)
২.	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৭-২০১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো পর্যালোচনা	খ. আগামী ২ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের বিভাগ/অঞ্চল/মহানগর/গবেষণাগার কার্যালয়সমূহ তাদের ২০১৭-২০১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে।	সকল পরিচালক (বিভাগ/অঞ্চল/মহানগর/গবেষণাগার)

৩.	শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতির প্রমাণক সংরক্ষণ	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় নির্ধারিত সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে উপযুক্ত প্রমাণক সংরক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা/ অধিশাখা/কার্যালয় প্রধান
৪.	সভার কার্যপত্র প্রেরণ	পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট অংশিজনের অংশগ্রহণে আয়োজিত সকল সভার কার্যবিবরণী প্রস্তুত করতে হবে এবং কার্যবিবরণীর কপি সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা/ অধিশাখা/কার্যালয় প্রধান
৫.	সকল প্রকল্পে ই-জিপি চালু করা	২০১৭-২০১৮ অর্থ বছরের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সকল প্রকল্পের প্রকিউরমেন্ট কার্যক্রম ই-জিপি এর আওতায় আনতে হবে।	১। প্রকল্প পরিচালক (সকল) ২। পরিচালক (আইটি)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (ড. সুলতান আহমেদ)  
 মহাপরিচালক  
 ফোন: ৮১৮১৮০০

বিতরণ(জ্যেষ্ঠতা অনুসারে নয়)

১. অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন/পরিকল্পনা/এনফোর্সমেন্ট/আইন/বায়ুঃ ব্যবঃ/আইটি/জলঃ পরিঃ/প্রাঃসঃব্য/ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩. পরিচালক (ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম মহানগর/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম গবেষণাগার/ময়মনসিংহ/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল), পরিবেশ অধিদপ্তর।
৪. উপপরিচালক (সমন্বয়/প্রশা/অর্থ/প্রচার/পরিকল্পনা/আইটি), পরিবেশ অধিদপ্তর।
৫. উপপরিচালক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, (ঢাকা/গাজীপুর/টাঙ্গাইল/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/ফরিদপুর/ চট্টগ্রাম/ ফেনী/কুমিল্লা/ নোয়াখালী/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া/কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/বাগেরহাট/রাজশাহী/রংপুর) জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশলপত্র বাস্তবায়ন কার্যক্রম, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।